



ডিন অফিস

বিজ্ঞান অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

PABX : 9661900-72/4344, 4345

E-mail : deansc@du.ac.bd

নং বি: অনু: /২০১৮-২০১৯

তারিখ: ১৮ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ
০৩ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

ক-ইউনিট ভর্তি: ২০১৮-২০১৯

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে 'ক-ইউনিটে'র অন্তর্ভুক্ত বিভাগ ও ইনস্টিটিউটে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সাক্ষাৎকার নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী এ. এফ. মুজিবুর রহমান গণিত ভবনে অনুষ্ঠিত হবে। উক্ত সাক্ষাৎকারে নিম্নে উল্লেখিত মেধাক্রমধারীদের যথাসময়ে উপস্থিত থাকার জন্য বলা হচ্ছে।

তারিখ ও বার	মেধাক্রম	সময়	
৩০/১১/২০১৮	৫০০১-৬০০০	১০:০০	১১:৩০
শুক্রবার	৬০০১-৭০০০	১১:৩০	০১:০০

বি:দ্র: ক-ইউনিট ভর্তি ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে উত্তীর্ণ সকল কোটার শিক্ষার্থীদেরও সাক্ষাৎকার নেওয়া হবে।

সাক্ষাৎকারে প্রার্থীদের-

- ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র
- এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষার মূল গ্রেডশীট এবং
- ইন্টারনেটের মাধ্যমে ডাউনলোডকৃত ভর্তির বিষয় পছন্দক্রম ফরম-এর কপি নিয়ে উপস্থিত হতে হবে।

সাক্ষাৎকারের সময় প্রার্থীদের মূল গ্রেডশীটসমূহ জমা নেয়া হবে। মূল গ্রেডশীটসমূহ জমা দেয়ার পূর্বে ভর্তিচ্ছু প্রার্থীদের প্রত্যেকটি গ্রেডশীটের পর্যাপ্ত সংখ্যক (অন্তত ১০ টি করে) সত্যায়িত ফটোকপি নিজের কাছে রাখতে হবে যা পরবর্তীতে ভর্তির সময় প্রয়োজন হবে।

প্রফেসর ড. মোহাম্মদ আব্দুল আজিজ

ডিন, বিজ্ঞান অনুষদ এবং

সমন্বয়কারী, ক-ইউনিট ভর্তি: ২০১৮-২০১৯

ঢাকা বিশ্ববিদ্যালয়